দৈনিক ইনকিলাব

তারিখ 25 NOV 1991
পৃষ্ঠা 2 কলাম 8

৪২

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট অব্যাহত

॥ চঃ বিঃ রিপোর্টার ॥

২৪ নভেম্বর।— চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্যের আহবানে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আহূত লাগাতার ধর্মঘটের ২য় দিন অতিবাহিত হয়েছে।

এদিকে সম্ভাব্য গোলযোগ এড়ানোর লক্ষ্যে আজ কর্তৃপক্ষ দু'টি স্থানে অনার্স শেষ বর্ষের পরীক্ষা সম্পন্ন করেছেন। আজ বিকেলে সর্বদলীয় ছাত্র ঐক্যের আহবানে শহরের ডাঃ মিলন চত্বরে এক শিক্ষক-ছাত্র-অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন ডঃ ইফতেকার চৌধুরী, ডঃ

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

আনোয়ারুল আজিম, এডভোকেট ইব্রাহীম হোসেন বাবুল, চাকসু ভিপি নাজিম উদ্দিন প্রমুখ। বক্তাগণ অবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমস্যা সমাধানকল্পে সরকারের আশু হস্তক্ষেপের আহবান জানান। সমাবেশে চাকসু ও আপসু নেতারা ঘোষণা করেন, ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীদের বিশ্ববিদ্যালয় থেকে সরকার যতোদিন না উৎখাত করবেন ততোদিন পর্যন্ত এই লাগাতার ধর্মঘট অব্যাহত থাকবে।

অপরদিকে ইসলামী ছাত্র শিবির আজ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রতিবাদ মিছিল ও সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের চঃ বিঃ শাখার সভাপতি হামিদুর রহমান, রেজাউল করীম প্রমুখ। বক্তাগণ অবিলম্বে শহরে বিকল্প পরীক্ষা কেন্দ্র খোলার আড়ালে অসদুপায় অবলম্বনের উদ্যোগকে প্রতিহত করার আহবান জানান। উল্লেখ্য, আজ শহরের কমার্স কলেজে বিকল্প পরীক্ষা কেন্দ্রে অনার্স পরীক্ষা অনুষ্ঠিত হয়।